

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা- ১৩৪১

বিষয়ঃ তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বিএলআরআই কর্তৃক গৃহীত কার্যক্রমের জুলাই'২২ হতে সেপ্টেম্বর'২২ প্রান্তিকের ত্রৈমাসিক হালনাগাদ প্রতিবেদন

[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিঃ

২০২২-২০২৩ অর্থবছরের প্রথম প্রান্তিক (জুলাই'২২ হতে সেপ্টেম্বর'২২)-এ তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদন ০১ (এক) টি এবং আপীল আবেদন ০২ (দুই) টি। উক্ত আবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হয়েছে।

প্রমাণক হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম প্রান্তিক (জুলাই'২২ হতে সেপ্টেম্বর'২২)-এ প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদনের প্রতিবেদন সংযুক্ত করা হলো।

[১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশঃ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশ করা হয়েছে এবং তা নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত তালিকা পুনরায় হালনাগাদ করা হবে।

[১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর হালনাগাদকৃত বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ ইতোমধ্যেই ইনস্টিটিউটের উর্জ্বতন কর্তৃপক্ষ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণঃ

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর বিভিন্ন তথ্যাদি সন্নিবেশিত করে একটি ক্যাটালগ তৈরি করা হয়েছে এবং তা নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত ক্যাটালগ পুনরায় হালনাগাদ করা হবে।

[১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণঃ

তথ্য অধিকার আইন-২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে গত ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২' উপলক্ষ্যে ইনস্টিটিউটের দাপ্তরিক ওয়েবসাইটে একটি ডিজিটাল বিজ্ঞাপন প্রচার হয়।

প্রমাণক হিসেবে বিজ্ঞাপন প্রচারের স্ক্রিনশট সংযুক্ত করা হলো।

দেবজ্যোতি

[১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজনঃ

আলোচ্য প্রান্তিকে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এ তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কোন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি।

[১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশঃ

আলোচ্য প্রান্তিকে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এ তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং তা তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হয়েছে।

প্রমাণক হিসেবে তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের স্ক্রিনশট সংযুক্ত করা হলো।

(দেবজ্যোতি
০২/০০/২২

দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
মাজার, ঢাকা।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সভার, ঢাকা-১৩৪১

২০২১-২০২২ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর'২১ হতে ডিসেম্বর'২১)-এ প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদনের প্রতিবেদনঃ

ক্রমিক নং	দপ্তরের নাম	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ফরমেট অনুযায়ী তথ্য সরবরাহের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা	নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা	তথ্য প্রদানের সময়সীমা অতিক্রান্ত না হওয়ায় অনিষ্পন্ন আবেদনের সংখ্যা	অনুরোধকৃত তথ্য না দেওয়ার সিদ্ধান্তের সংখ্যা ও উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ	আপীলের সংখ্যা	আপীল নিষ্পত্তির সংখ্যা	কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সংখ্যা	তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ	তথ্য অধিকার (তথ্য প্রচার ও প্রকাশ) প্রবিধানমালা ২০১০ আলোকে তফসিল-১,২ বর্ণনামতে আপনার কার্যালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশের গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্যাদি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	০১	০১	০	০	২	২	-	৪৮/-	ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং তথ্য অধিকার আইন অনুসারে ইনস্টিটিউটের তথ্যাদির ক্যাটালগ ও স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যাদির তালিকা প্রণয়ন করা হয়েছে।	-

দেবজ্যোতি
০২/০৩/২২
দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সভার, ঢাকা।